

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের নিম্নলিখিত পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত আবেদন ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : টাকা: ৩৫,৫০০ - ৬৭,০১০/- 'জাতীয় স্কেল ২০১৫'

শিক্ষাগত যোগ্যতা :

বিশেষ শিক্ষা: (০১টি শূন্য স্থায়ী সহকারী অধ্যাপক পদ): প্রার্থীদের বিশেষ শিক্ষা বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। এছাড়া প্রার্থীকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে তিন বছরের শিক্ষকতা ও স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা সহ স্বীকৃত জার্নালে ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে। বুদ্ধি প্রতিবন্ধিতা বিষয়ে উচ্চতর ডিগ্রীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।

আবেদনকারী প্রার্থীদের এস.এস.সি. ও এইচ.এস.সি. পর্যায়ে প্রথম বিভাগ অথবা জি.পি.এ./সি.জি.পি.এ. স্কেল এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে প্রথম শ্রেণী অথবা জি.পি.এ./সি.জি.পি.এ. স্কেল এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনার বিশেষ অবদান ও যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। অন্যান্য যোগ্যতা সমান থাকিলে সি.এইচ.ডি ডিগ্রিধারীগণকে অগ্রাধিকার প্রদান করা বাইতে পারে।

৮ (আট) কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, মার্কসীট, প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করে রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ দরখাস্ত পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট ০২/০২/২০২০ তারিখের মধ্যে পৌছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।


